

ঢাকা-চট্টগ্রাম বিভাগ

প্রাইমারি শিক্ষক নিয়োগ প্রক্রিয়া স্থগিত

নিজস্ব প্রতিবেদক

২৯ মে ২০২৪, ১২:০০ এএম



সরকারি প্রাথমিক বিদ্যালয়ে সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২৩-এর তৃতীয় ধাপে ঢাকা ও চট্টগ্রাম বিভাগের ২১টি জেলার উত্তীর্ণদের নিয়োগের কার্যক্রম ছয় মাসের জন্য স্থগিত করেছেন হাইকোর্ট। একই সঙ্গে লিখিত পরীক্ষায় ওঠা প্রশ্নপত্র ফাঁসের অভিযোগ তিন মাসের মধ্যে অনুসন্ধানের নির্দেশ দিয়েছেন আদালত। এ সংক্রান্ত এক রিট আবেদনের প্রাথমিক শুনানি নিয়ে গতকাল বিচারপতি মোস্তফা জামান ইসলাম ও বিচারপতি এসএম মাসুদ হোসাইন দোলনের বেঞ্চ রুলসহ এ আদেশ দেন।